



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

একই তারিখ ও  
স্মারকে স্থলাভিষিক্ত

## ২০১৬ সনের এসএসসি পরীক্ষার বিজ্ঞপ্তি

### সংশোধিত

স্মারক নং- ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/৬৭৩

তারিখ : ১০/০৯/২০১৫

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ২০১৬ সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **Online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি ঢাকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)) এ ১১/১১/২০১৫ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১২/১১/২০১৫ থেকে ১৮/১১/২০১৫ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ওয়েবসাইটে **eFF page** এ লগইন করে প্রধান শিক্ষকের মোবাইল নম্বর ও **Admin password** ব্যবহার করে **probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ unSelect** করা যাবে।

(ঘ) এরপর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য **Pay Slip Print** করলে আর কোন অবস্থাতেই **Select/ unSelect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ৪৮ ঘণ্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) বিলম্ব ফি সহ ২০/১১/২০১৫ হতে ২৪/১১/২০১৫ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ (**eFF**) করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপিসহ ফি জমাদানের ব্যাংকের রশিদ বোর্ডের মাধ্যমিক পরীক্ষা শাখায় ২৭/১১/২০১৫ তারিখের মধ্যে জমা দিতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ১৯ নভেম্বর ২০১৫ এবং বিলম্ব ফিসহ ২৫ নভেম্বর ২০১৫।

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ :	২৭/০৯/২০১৫
(খ)	নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ :	০৫/১১/২০১৫
(গ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ :	১৯/১১/২০১৫
(ঘ)	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ :	২৫/১১/২০১৫

#### পরীক্ষার মাধ্যম :

৪। বাংলা/ ইংরেজি ভাষান পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষান পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ২৯/১০/২০১৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষান পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

#### ছক

শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা	শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা	শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা

৫। (ক) ফি এর হার :

পরীক্ষার্থীর ধরন	পরীক্ষার ফি (পত্র প্রতি)	ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি)	মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি)	অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি)	অনুমতি ও তালিকা ভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি)	বয় স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি)	বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
নিয়মিত পরীক্ষার্থী	৭০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	x	x	১৫.০০	৫.০০	৩০০.০০
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	৭০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	১০০.০০	x	১৫.০০	৫.০০	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	৭০.০০	৩০.০০	৩৫.০০	x	১০০.০০	x	১৫.০০	৫.০০	
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৭০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	x	১০০.০০	১৫.০০	৫.০০	

(খ) বিলম্ব ফি পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।

(গ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে) :

- (১) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা।
- (২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৩০০.০০ (তিনশত) টাকা।

৬। নিয়মিত পরীক্ষার্থী :

২০১৪ সনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৭। অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) ২০১২ এবং ২০১৩ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০১৪ এবং ২০১৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০১৫ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিঃ এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৪ সনের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০১৫ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সনের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :

২০১১ সনের রেজিঃধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। উপরের খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০১৬ সনের পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জি পি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া :

ঘ এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন নবায়ন ফি পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা হারে বোর্ডের সচিবের অনুকূলে সোনালী ব্যাংকের ডিডি এর মাধ্যমে বোর্ডের হিসাব আয় শাখায় জমাদান করে প্রাপ্ত রশিদের ফটোকপি সহ নিম্নের হুক অনুযায়ী ২ কপি তালিকা ও মূল রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে এবং উক্ত নবায়নকৃত রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি পরীক্ষার্থীর বিবরণী ফরমের সাথে জমা দিতে হবে।

ছক

পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রেজি. নম্বর ও শিক্ষাবর্ষ	যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজি. কৃত তার নাম	অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর

৮। জিপিএ উন্নয়ন :

কেবল ২০১৫ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০১৬ সনের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৬ সনের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে।

৯। বহিষ্কৃত পরীক্ষার্থী :

বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। চতুর্থ বিষয়ের সুবিধা :

২০১২ ও ২০১৩ সনের রেজি.ধারী পরীক্ষার্থীরা ২০১৪ ও ২০১৫ সনের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০১৬ সনে পরীক্ষা দিলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১২ ও ২০১৩ সনের রেজি.ধারী পরীক্ষার্থীরা যারা ২০১৪ ও ২০১৫ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১। পাঠ্যসূচি

- (ক) ২০১১- ২০১২, ২০১২- ২০১৩ শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।  
(খ) ২০১৩- ২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১২। নির্বাচনি পরীক্ষা :

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

ড. শীকান্ত কুমার চন্দ  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/৬৭৩

তারিখ : ১০/০৯/২০১৫

সদয় জ্ঞাতার্থে: অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। ঢাকা শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।

কার্যার্থে:

- ১। উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষায় সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
- ৫। অফিস কপি।

তপন কুমার সরকার  
উপ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা